



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.ugc.gov.bd



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং- ৩৭.০১.০০০০.০০২.৪৫.২৪.৫৫. ২০৭০

তারিখ: ২১শে জ্যৈষ্ঠ ১৪৩৩
৪ জুন ২০২৬

বিষয়: Japan Society for Promotional Science (JSPS) - University Grants Commission of Bangladesh (UGC) Joint Research Project for FY 2027- এর প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, JSPS-UGC Joint Research Project for FY 2027 এর আওতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের নিকট হতে নির্ধারিত প্রোফরমায় (www.ugc.gov.bd ওয়েব সাইটের নোটিশ বোর্ড এবং ফ্লোরশিপ/ফেলোশিপ বক্সে পাওয়া যাবে) প্রকল্প প্রস্তাব আহ্বান করা হচ্ছে। তবে শর্ত থাকে যে, নির্ধারিত প্রোফরমা পূরণপূর্বক চাহিত সংশ্লিষ্ট সকল তথ্য (পিডিএফ ও ওয়ার্ড ফাইল) আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে ইমেইলযোগে (icdivision@gmail.com) অবশ্যই কমিশনে প্রেরণ করতে হবে এবং উহার প্রাপ্তি নিশ্চিততা কমিশনের সংশ্লিষ্ট শাখা থেকে ইমেইলের মাধ্যমে জানানো হবে (নির্ধারিত তারিখের পরে এ বিষয়ে কোন ইমেইল গ্রহণ করা হবে না)। বর্ণিত বিষয়ে কোনো হার্ডকপি কমিশনে প্রেরণ করা হবে না।

০২। নিম্নবর্ণিত বিষয়সমূহে গবেষণার জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে।
(ক) Humanities (খ) Social Sciences (গ) Natural Sciences

০৩। প্রকল্প প্রস্তাব প্রদানকারী প্রার্থীর নিম্নোক্ত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে:

- প্রার্থীকে অবশ্যই পিএইচডি ডিগ্রীধারী হতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে;
- বাংলাদেশের আবেদনকারীকে একজন জাপানিজ Principal Researcher/Host Scientist নির্বাচন করতে হবে। যৌথভাবে গবেষণার বিষয়ে জাপানিজ Principal Researcher/Host Scientist এর সম্মতি পত্র অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং উক্ত পত্রে জাপানে ভ্রমণের সন্মতদের কথা উল্লেখ থাকতে হবে;
- প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে বা বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কোন গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষক হতে হবে;
- গবেষণাকর্মে পর্যাপ্ত অভিজ্ঞতা এবং প্রকাশনা থাকতে হবে। প্রকাশনায় তালিকা আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে;
- গবেষণার বিষয়বস্তু জাতীয় চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সাথে সংযুক্ত ফরম অনুযায়ী আবেদন করতে হবে;
- নির্ধারিত প্রোফরমায় আবেদনপত্রের সাথে ইংরেজীতে পূর্ণাঙ্গ বায়োডাটা অবশ্যই সংযুক্ত করতে হবে (একাডেমিক পরীক্ষা সমূহে প্রাপ্ত ক্লাস/ডিভিশনসহ)। যে শিক্ষা প্রতিষ্ঠান এবং দেশ থেকে পিএইচডি করেছেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- প্রার্থীর বিগত ৫ বছরের বিদেশ ভ্রমণের পূর্ণাঙ্গ তথ্য আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- জাপানে ভ্রমণের প্রস্তাব প্রক্রিয়াকরণের সুবিধার্থে ভ্রমণের তারিখ ০১ জুন এর পূর্বে হওয়া সমীচীন হবে;
- উল্লেখ্য যে, আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই একই তথ্য কমিশনকর্তৃক সরবরাহকৃত প্রোফরমায় উল্লিখিত জাপানিজ Principal Researcher/Host Scientist এর মাধ্যমে JSPS-এ সাবমিট করতে হবে। যথা সময়ে আবেদনপত্র সাবমিট না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না;
- JSPS-এ আবেদনপত্র সাবমিশনসহ বিস্তারিত তথ্য এই লিংকে (<https://www.jspso.go.jp/english/e-bilat/call.html>) পাওয়া যাবে;
- অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল মর্মে গণ্য হবে;
- যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম স্থায়ী ক্যাম্পাসে বর্তমানে পরিচালিত হচ্ছে কেবল সে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ আবেদনের যোগ্য হবেন। অস্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

০৪. এমতাবস্থায়, বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য আপনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয়, ইনস্টিটিউট এবং বিভাগসমূহের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৪/৬/২০২৬
মোছা: জেসমিন পারভীন
পরিচালক

ইন্টারন্যাশনাল কোলাবোরেশন বিভাগ
টেলিফোন:- ৫৮১৬০২২৮

ই-মেইল- jesmin@ugc.gov.bd

স্মারক নং-রেজি/প্রশা-৩/৮-২০- সি

তারিখ: ২৮/৬/১৪৩৩ বঙ্গাব্দ
২/৭/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতগণের নিকট প্রতিলিপি প্রেরিত হলো :-